



গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়

GARIB-E-NEWAZ HIGH SCHOOL

ফোন : ৭১২৬২৮

রুক-আই, হালিশহর হাউজিং এস্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। ইমেইল- gnhschool@yahoo.com, EIIN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬

স্থাপিত : ১৯৮০ ইং

তারিখ: ১৫/১০/২০২২ ইং

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিদ্যালয়ের যষ্ঠ থেকে দশম শ্রেণির সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিম্নোক্ত তারিখ, বার ও সময় অনুযায়ী বেতন আদায় করা হবে।

বেতন আদায়ের তারিখ ও সময়

| শ্রেণি | তারিখ | বার | বেতন আদায়ের সময় |
|--------|------------------------|-------------|-----------------------------|
| ষষ্ঠ | অক্টোবর মাসের ১৬ তারিখ | রবিবার | সকাল ৯.৩০ থেকে ১.৩০ পর্যন্ত |
| সপ্তম | অক্টোবর মাসের ১৭ তারিখ | সোমবার | সকাল ৯.০০ থেকে ১.৩০ পর্যন্ত |
| অষ্টম | অক্টোবর মাসের ১৮ তারিখ | মঙ্গলবার | সকাল ৯.০০ থেকে ১.৩০ পর্যন্ত |
| নবম | অক্টোবর মাসের ১৯ তারিখ | বুধবার | সকাল ৯.০০ থেকে ১.৩০ পর্যন্ত |
| দশম | অক্টোবর মাসের ২০ তারিখ | বৃহস্পতিবার | সকাল ৯.০০ থেকে ১.৩০ পর্যন্ত |

দশম শ্রেণির শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার ফি আগামী ২০/১০/২০২২ ইং তারিখের মধ্যে পরিশোধ করে শ্রেণি শিক্ষকের নিকট হতে প্রবেশ পত্র সংগ্রহ করার জন্য নির্দেশ দেওয়া গেল।

জ্ঞাতব্যঃ

- নির্ধারিত তারিখে চলতি মাসের বেতন পরিশোধ করতে না পারলে পরবর্তী মাসের বেতনের সাথে জরিমানা প্রদান পূর্বক বেতন পরিশোধ করতে হবে। পরপর তিন মাসের বেতন বকেয়া থাকলে ভর্তি রেজিষ্টার থেকে উক্ত শিক্ষার্থীর নাম কাটা যাবে।
- বেতন আদায়ের সময় অভিভাবকবৃন্দের জন্য সকাল ৯.৩০ থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। তারা বিদ্যালয়ের গেইট সংলগ্ন বেতন প্রদান কাউন্টার নাম্বার-০১, ও কাউন্টার নাম্বার-০২ থেকে বেতন প্রদান করতে পারবেন। শিক্ষার্থীরা সকাল ৯.৩০ থেকে ১০.০০ ঘটিকা এবং টিফিনের সময় দুপুর ১.০০ থেকে ২.০০ ঘটিকা সময় পর্যন্ত বেতন প্রদান করতে পারবে। কোন অবস্থায় ক্লাস চলাকালীন সময়ে শিক্ষার্থীরা বেতন প্রদান করতে পারবে না।
- ছাত্রীরা ভিতরের কাউন্টার নাম্বার-০৩ দিয়ে বেতন পরিশোধ করবে। কোন ছাত্রদের থেকে ভিতরের কাউন্টার থেকে বেতন নেওয়া হবে না।
- বেতন পরিশোধের সময় সর্বশেষ বেতন পরিশোধের পে-স্লিপ দেখাতে হবে।
- আর্থিক সমস্যা এড়ানোর জন্য, যে শ্রেণির যেদিন বেতন পরিশোধের জন্য ধার্য করা হয়েছে উক্ত দিনেই যেন বেতন পরিশোধ করা হয় তার জন্য শিক্ষার্থীর অভিভাবকবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা গেল।
- অবশ্যই ছাত্রদের মাথার চুল সুন্দরভাবে কেটে পরিপাটি হয়ে যথাসময়ে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে।

Jesmine Akter
Asst. Headmistress (Acting)
Garib-E-Newaz High School
Halishahar, Chattogram.

এম. এ. মঞ্জুর
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর হা/এ, চট্টগ্রাম।